

কি সন্ধ্যানে যাই সেখানে  
মনের মানুষ যেখানে  
আঁধার ঘরে জ্বলছে বাতি  
দিবা রাত্তি নাই সেখানে ॥

যেতে পথে কাম নদীতে  
পাড়ি দিতে ত্রিবিণে  
কতো ধনীর ভারা যাচ্ছে মারা  
পড়ে নদীর তোড় তুফানে ॥

রসিক যারা চতুর তারা  
তারাই নদীর ধারা চিনে  
তারা উজান তরী যাচ্ছে বেয়ে  
তারাই স্বরূপ সাধন জানে ॥

লালন বলে ম'লাম জ্বলে  
ম'লাম জ্বলে নিশিদিনে  
মনের মানুষ কোণে রেখে  
খুঁজি আমি বনে বনে ॥